

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৭৩০

আগরতলা, ৭ নভেম্বর, ২০২৪

প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ

‘আল্ট্রাসোনোগ্রাফি পরিষেবা পাচ্ছেন না খোয়াইবাসী, অভিযোগ’ শিরোনামে প্রতিবাদী কলম পত্রিকায় আজ (৭ নভেম্বর, ২০২৪) প্রকাশিত সংবাদটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। দপ্তরের পক্ষ থেকে প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ দিয়ে জানানো হয়েছে, এমডি রেডিওডায়াগনসিস ডা. আশু চাকমা গত ১৫ অক্টোবর ২০২৪ থেকে ১৩ নভেম্বর ২০২৪ পর্যন্ত সময়সীমার জন্য মেডিক্যাল গ্রাউন্ডে ইএল এর আবেদন জানান। তাঁর জয়েন না করা অবধি ডাঃ আইচুক দেববর্মাকে ৪ নভেম্বর থেকে সপ্তাহে দুইদিন খোয়াই জেলা হাসপাতালে আল্ট্রাসোনোগ্রাফি পরিষেবা দেওয়ার জন্য নির্দেশ দেওয়া হয়েছে।
